

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৪৫

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সন্ধি স্থাপন

بَابُ الصُّلْحِ

#### আরবী

وَعَن عَائِشَة قَالَتْ فِي بَيْعَةِ النِّسَاءِ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَمْتَحِنُهُنَّ بِهَذِهِ الْآيَة: (يَا أَيُّهَا النبيُّ صلى الله عَلَيْهِ وَسلم إِذَا جَاءَكَ المؤمناتُ يبايعنك) فَمَنْ أَقَرَّتْ بِهَذَا الشَّرْطِ مِنْهُنَّ قَالَ لَهَا: «قَدْ بَايَعْتُكِ» كَلَامًا يُكَلِّمُهَا بِهِ وَاللَّهِ مَا مَسَّتْ يَدُهُ يَدُهُ يَدُهُ يَدُهُ أَوَ وَاللَّهِ مَا مَسَّتْ يَدُهُ يَدُهُ إِنَّ المُبَايَعَةِ

### বাংলা

808৫-[8] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারীদের বায়'আত গ্রহণকালে কুরআন মাজীদের এ আয়াতের আলোকে পরী □া করতেন- অর্থাৎ- "হে নবী! যখন মু'মিন রমণীগণ আপনার কাছে বায়'আত করতে আসে...."- তাদের মধ্যে যে রমণী আয়াতে উল্লেখিত শর্তাবলী মেনে চলার প্রতিজ্ঞাবদ্ধ হত তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে বলতেনঃ আমি তোমাকে মুখে কথার মাধ্যমে বায়'আত করে নিয়েছি। আল্লাহর কসম! বায়'আত গ্রহণকালে তাঁর হাত কোনো রমণীর হাত স্পর্শ করেনি। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৭১৩, মুসলিম ১৮৬৬, আহমাদ ২৬৩২৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ رَسُوْلُ اللهِ ﷺ) অবশ্যই রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মু'মিনাহ্ মহিলাদের পরীক্ষা নিতেন। ইবনু 'আব্বাস বলেনঃ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক মু'মিনাহ্ মহিলাদের পরীক্ষা ছিল এরপ : তিনি তাদেরকে শপথ করতে বলতেন, তারা তাদের স্বামীদের প্রতি বিদ্বেষ পোষণ করেন না।



মুসলিম কোনো পুরুষের প্রতি তাদের কোনো আকর্ষণ নেই, কোনো ভূমির বিপরীতে অন্য কোনো ভূমির প্রতি আগ্রহ নেই, স্বীয় আবাস ছেড়ে যাওয়ার মতো কোনো ঘটনা ঘটেনি। একমাত্র ইসলামের আকর্ষণে এবং আল্লাহ ও তাঁর রসূলের প্রতি ভালোবাসার কারণে দেশত্যাগ করেছেন। তারা যদি এসব বিষয়ে শপথ করে তা মেনে নিতো তাহলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে ফেরত পাঠাতেন না। বরং উক্ত মহিলার স্বামীকে তার মুহরানা ফিরিয়ে দিতেন এবং তারা যা ব্যয় করেছে তাও ফিরিয়ে দিতেন।

قَمَنْ أَقَرَّتْ بِهِٰذَا الشَّرْطِ مِنْهُنَّ قَالَ لَهَا : قَدْ بَايَعْتُكِ) যে সকল মহিলা আয়াতে বর্ণিত শর্ত মেনে নিতো তাকে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, তোমার বায়'আত আমি গ্রহণ করেছি। বায়'আত গ্রহণের জন্য তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কোনো মহিলার হাত ধরতেন না। (মিরকাতুল মাফাতীহ)

হাদীসের শিক্ষা: ১. মহিলাদের বায়'আত গ্রহণের ক্ষেত্রে তাদের সাথে শুধুমাত্র কথায় বায়'আত গ্রহণ করা হয়। তাদের হাত বায়'আত গ্রহণকারী ইমামের হাতের সাথে স্পর্শ করবে না।

- ২, পুরুষের বায়'আত গ্রহণ করার ক্ষেত্রে ইমাম তাদের হাত ধরবেন।
- ৩. প্রয়োজনে অপরিচিত মহিলার সাথে কথা বলা এবং তাদের কথা শ্রবণ করা বৈধ।
- ৪. মহিলাদের কণ্ঠস্বর আওরাতের (পর্দার) অন্তর্ভুক্ত নয়।
- ৫. বিনা প্রয়োজনে মাহরাম নয় এমন মহিলার শরীর স্পর্শ করা বৈধ নয়। (শারহে মুসলিম ১৩শ খন্ড, হাঃ ১৮৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন